

## আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৪৯৫

৮৩/ ফায়ায়েল (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ৮৩/১৫. রাসূল (ﷺ)-এর শিশু ও অনাথদের প্রতি অতৃধিক দয়া এবং তাঁর বিনয় ও অন্যান্য সদ গুণাবলী।

رحمته صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصَّبِيَانُ وَالْعِيَالُ وَتَوَاضِعُهُ وَفَضْلُ ذَلِكَ

আরবী

حدیث أنس بن مالک رضی الله عنہ قال: دخّلنا مع رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، عَلَى أَبِي سَیْفِ الْقَینِ وَكَانَ ظِلْرَا لِإِبْرَاهِیمَ عَلَيْهِ السَّلَامُ فَأَخَذَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِبْرَاهِیمَ فَقَبَّلَهُ وَشَمَّهُ ثُمَّ دَخَلَنَا عَلَيْهِ، بَعْدَ ذَلِكَ، وَإِبْرَاهِیمُ يَجُودُ بِنَفْسِهِ فَجَعَلَتْ عَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَذْرِفَانِ فَقَالَ لَهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ رضي الله عنه: وَأَنْتَ يَا رَسُولَ اللَّهِ فَقَالَ: يَا ابْنَ عَوْفٍ إِنَّهَا رَحْمَةٌ ثُمَّ أَتَبَعَهَا بِأُخْرَى فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ الْعَيْنَ تَدْمَعُ، وَالْقَلْبَ يَحْزَنُ، وَلَا نَقُولُ إِلَّا مَا يَرْضى رَبُّنَا وَإِنَّا بِفِرَاقِكَ، يَا إِبْرَاهِیمُ لَمَحْزُونُونَ

বাংলা

১৪৯৫. আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- এর সঙ্গে আবু সায়ফ কর্মকারের নিকট গেলাম। তিনি ছিলেন (নবী-তনয়) ইবরাহীম (রাঃ)-এর দুধ সম্পর্কীয় পিতা। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইবরাহীম (রাঃ)-কে তুলে নিয়ে চুমু খেলেন এবং নাকে-মুখে লাগালেন। অতঃপর (আরেক বার) আমরা তার (আবু সায়ফ-এর) বাড়িতে গেলাম। তখন ইব্রাহীম (রাঃ) মুমুর্ষ অবস্থায়। এতে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উভয় চক্ষু হতে অশ্রু ঝরতে লাগল। তখন আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ) বললেন, হে আল্লাহর রাসূল! আর আপনিও? (ক্রন্দন করছেন?)। তখন তিনি বললেনঃ অশ্রু প্রবাহিত হয় আর হৃদয় হয় ব্যথিত। তবে আমরা মুখে তা-ই বলি যা আমাদের রব পছন্দ করেন। আর হে ইব্রাহীম! তোমার বিচ্ছেদে আমরা অবশ্যই শোকসন্তপ্ত।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ২৩: জানায়া, অধ্যায় ৪৩, হাঃ ১৩০৩; মুসলিম, পর্ব ৪৩: ফায়ায়েল, অধ্যায় ১৫, হাঃ ২৩১৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84723>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন